

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ঢাকা - ১২৫

প্রাপ্তি নং ৩৪ তারিখঃ ০৬/০২/২০২২  
ডিডি  
স্থান সহকারী  
উন্নয়ন শাখা  
হিসাব শাখা  
উদ্যোগ/উত্তরাঃ ০৬/০২/২০২২  
পরিসংখান সহকারী

স্মারক নং-১২.০১.০০০০.০০১.২০.০০৫.২০২০/২২(২০০)

চলতি ২০২১-২২ অর্থ বছরের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ আওতাধীন অফিস সমূহের কর্মকর্তা/কর্মচারীদের গৃহনির্মাণ, কম্পিউটার ও মটর সাইকেল অগ্রিম ঋণ মঞ্জুরী সংক্রান্ত সকল আবেদনকারীর আবেদনপত্র সমূহ আগামী ৩১/০২/২০২২ ইং তারিখের মধ্যে প্রশাসন ও অর্থ উইং এর নিয়ন্ত্রনাধীন সহকারী পরিচালক(অর্থ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার দপ্তরে আবেদনকারীকে স্বশরীরে উপস্থিত হয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো ডাক যোগে বা অন্য কোন উপায়ে আবেদন করা হলে সেটি গ্রহণ করা হবে না।

**অনুস্মরণীয় ও শর্তাবলীঃ**

- ১। প্রত্যেক আবেদনকারী নিখারিত ফরমে আবেদন করবেন। আবেদন পত্রের নমুনা অত্র দপ্তর হতে সংগ্রহ করা যাবে। আবেদন পত্রের সংপে চাকুরীর জৈষ্ঠতা যাচাইয়ের জন্য ১ম এবং ২য় শ্রেণীর কর্মকর্তাদের গ্রেডেশন তালিকার সত্যায়িত ফটোকপি এবং নন-গেজেটেড কর্মচারীদের চাকুরীর বহির জন্ম তারিখ ও ১ম যোগদান তারিখের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। অস্পষ্ট ফটোকপি ও ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না।
- ২। সকল বায়নাপত্র প্রচলিত বিধি মোতাবেক ৩০০(তিন শত) টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পের সম্পাদনযোগ্য এবং দলিল সমূহ রেজিস্ট্রেশন আইনের বিধান অনুযায়ী রেজিস্ট্রিকৃত হতে হবে। বায়না পত্রের ক্ষেত্রে স্ট্যাম্প ভেঙারের নাম ঠিকানা সহ সীলমোহর ও বিক্রয় রেজিস্ট্রারে ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে।
- ৩। কম্পিউটার ক্রয় ঋণের ক্ষেত্রে শুধুমাত্র ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।
- ৪। নন-গেজেটেড কর্মচারীদের আবেদনপত্র উপ-পরিচালকের মাধ্যমে গেজেটেড কর্মকর্তাদের আবেদনপত্র অঞ্চলের অতিরিক্ত পরিচালকের মাধ্যমে পাঠাতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে সংযুক্ত চাকুরীসংক্রান্ত প্রত্যয়নপত্র উপ-পরিচালকের স্বাক্ষর অবশ্যই থাকতে হবে
- ৬। চাকুরী জীবনে একবারের অধিক কেহই গৃহ নির্মাণ ঋণ গ্রহণ করতে পারবে না। এবং কেহ যেন ইহার ব্যতিক্রম না করেন সে দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।
- ৭। কোনভাবেই অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৮। বিভিন্ন ঋণ অগ্রিমের জিও প্রদানের এখতিয়ার কৃষি মন্ত্রণালয়ের।
- ৯। গৃহ নির্মাণ ঋণ ২য় কিস্তির আবেদনের সময় মূল দলিলের সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে এবং ২য় কিস্তির আবেদন পত্র ১ম কিস্তির অর্থ উত্তোলনের পর পরই মহাপরিচালক, ডিএই, খামারবাড়ি, ঢাকা দৃষ্টি আঃ সহকারী পরিচালক(অর্থ), এর বরাবরে দাখিল করতে হবে।
- ১০। স্বাক্ষর/স্বাক্ষরকারী কর্মকর্তাগণের নাম সন্মিলিত সীল ব্যবহার করতে হবে।

| ক্র/নং | ঋণের শ্রেণী | ঋণের হার   |
|--------|-------------|------------|
| ১      | কম্পিউটার   | ৫০,০০০/-   |
| ২      | গৃহ নির্মাণ | ১,২০,০০০/- |
| ৩      | মটর সাইকেল  | ৩৫,০০০/-   |

০৬/০২/২২  
(মোঃ শামছুল হক)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
প্রশাসন ও অর্থ উইং  
পক্ষে- মহাপরিচালক  
৩.২.২০২২  
তার

স্মারক নং-১২.০১.০০০০.০০১.২০.০০৫.২০২০

সদয় অবগতি কার্যার্থে অনুলিপি প্রেরণঃ-

- ১। পরিচালক,.....উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,..... অঞ্চল .....
- ৩। অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট .....
- ৪। উপ পরিচালক(প্রশাসন) সদর দপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৫। উপ পরিচালক, ..... আপনার অধীনস্থ সকল অফিস সমূহকে জানিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ৬। উপ পরিচালক, উদ্যানভূবিদ/নাসারী ভূবাবধায়ক, হটকালচার সেন্টার,.....
- ৭। সংগনিরোধ কীটভূবিদ/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,.....
- ৮। সহকারী পরিচালক(অর্থ), সদর দপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৯। জনাব সৈয়দ রেজাউল করিম, বাজেট অফিসার, হিসাব শাখা, সদর দপ্তর, খামারবাড়ি, ঢাকা।(মোবা-০১৫৫২৩০৫৮৫২)। আপনাকে সকল আবেদনপত্র যথাযথভাবে পরীক্ষা/যাচাইয়ের পর যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের জন্য বলা হলো।

০৬/০২/২২  
(মোঃ শামছুল হক)  
পরিচালক (ভারপ্রাপ্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত পরিচালকের কার্যালয়  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সিলেট অঞ্চল, সিলেট।  
[www.dae.sylhetdiv.gov.bd](http://www.dae.sylhetdiv.gov.bd)

স্মারকনং-১২.১৬.৯১০০.০৩৯.৯৯.৩২.১৯/১৩

তারিখঃ- ১০/০১/২০২২ খ্রি:।

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ০১। অধ্যক্ষ, এটিআই, খাদিমনগর, সিলেট
- ০২। উপপরিচালক, ডিএই----- (সকল), সিলেট অঞ্চল।
- ০৩। অতিরিক্ত পরিচালক, ----- (সকল), সিলেট অঞ্চল।
- ০৪। উপজেলা কৃষি অফিসার----- (সকল), সিলেট অঞ্চল, সিলেট।
- ০৫। উদ্যান তত্ত্ববিদ, হার্টিকালচার সেন্টার, খাদিমনগর, সিলেট।
- ০৬। নার্সারী তত্ত্বাবধায়ক, হার্টিকালচার সেন্টার, কুলাউড়া, মৌলভীবাজার।
- ০৭। প্রশাসন শাখা/উন্নয়ন শাখা/ হিসাব শাখা/ অত্র দপ্তর।

পত্রের মর্মান্বয়ী ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

দিলীপ কুমার অধিকারী  
অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সিলেট অঞ্চল, সিলেট।

১০/০১/২০২২